দুর্নীতি দমন কমিশন

দু দ ক

দুর্নীতি দমন কমিশনের মাসিক প্রকাশনা

# দুদক বার্তা


- ৮ম বর্ষ
- ২৩তম সংখ্যা
- অক্টোবর-ডিসেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ
- কার্তিক-পৌষ ১৪২৫ বঙ্গাব্দ




হংকংয়ের আইসিএসি এর নির্বাহী পরিচালকের সাথে মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন দুদক চেয়ারম্যান।

## এক নজরে


- অভিযোগ কেন্দ্র (১০৬)
- এনফোর্সমেন্ট অভিযান
- গণশুনানি
- গুরুত্বপূর্ণ মামলা দায়ের
- বিচার ও দণ্ড
- সভা অভিযান কর্মসূচী


## সম্পাদকীয়

আমরা প্রত্যেকে যদি নিজ নিজ পেশা, ব্যবসা ও দায়িত্বে সৎ ও শুদ্ধ না হয়ে শুধু রাষ্ট্রযন্ত্রকে দায়ী করি কিংবা দুদককে কাঠগড়ায় দাঁড় করাই, তাহলে তা কতটুকু যৌক্তিক? এভাবে সংক্রামক ব্যাধির মতো দুর্নীতি সংক্রমিত হয়েছে আমাদের রক্তে, রন্ধ্রে, শিরায়, নিউরনে। সেই আমরাই আবার দুর্নীতির বিরুদ্ধে অনেক উচ্চবাচ্য করি। ব্যক্তিস্বার্থে মুহূর্তেই আইনকে নিষ্পেষিত করে ফেলি। আবার আমরাই আইনের জাল থেকে রক্ষা পেতে আদালতে গিয়ে অনেক বড় বড় মিথ্যা বলি। সুতরাং ব্যক্তি হিসেবে আমার সততা, শুদ্ধতা আর আইন মান্যতা কতটুকু আছে, তা নিজের বিবেককে প্রশ্ন করা দরকার। দুর্নীতি দমন কমিশন মাত্র সহস্রাধিক জনবল সমৃদ্ধ একটি ছোট প্রতিষ্ঠান।

১৭ কোটি জনসংখ্যার এ দেশে দুদকের পক্ষে ঘরে ঘরে কিংবা অফিস-আদালতে অনুবীক্ষণ যন্ত্র বসিয়ে দুর্নীতি উদঘাটন করা সম্ভব নয়। তথাপি শত সীমাবদ্ধতা ও ব্যর্থতার দায় আমরা কাঁধে নিয়ে দুর্নীতির বিরুদ্ধে জাতিকে সোচ্চার হতে বলছি। আমরা বারবার বলছি, ঘুষ দেবেন না। কিন্তু কেন জানি অনেকে উইন-উইন তত্ত্বে বিশ্বাসী। তাদের ধারণা, ঘুষ দেয়া ও নেয়া সমান অধিকার। মানুষ ঘুষ দেয়া বন্ধ করলে, ফাইল আটকে রাখারও অবসান ঘটবে। যখন একটি দুর্নীতির মামলা করা হয়, তা প্রমাণের জন্য দুদককে প্রচুর শ্রম, অর্থ, কৌশল ও সময় ব্যয় করতে হয়। আর অপরাধীরা এর চেয়েও বহুগুণ কৌশলী। এ এক বিশাল যুদ্ধ, যে যুদ্ধে জয়লাভ করা সত্যিই কঠিন।

পৃথিবীতে এখন সামরিক যুদ্ধ প্রায় বিদায় নিচ্ছে। কিন্তু একটি ভিন্নমাত্রার যুদ্ধে পৃথিবীর ছোট, বড় এবং ধনী ও দরিদ্র সব দেশকে লড়াই করতে হচ্ছে। এ যুদ্ধটি দুর্নীতি নামক এক দানবের বিরুদ্ধে। দুর্নীতি ঘটে যাওয়ার আগেই দুর্নীতি প্রতিরোধ করতে পারাটাই এ যুদ্ধে জয়লাভের সার্থকতা।


**মোহাম্মাদ মুনীর চৌধুরী**
মহাপরিচালক (প্রশাসন)
দুর্নীতি দমন কমিশন।
ইমেইল: mmunirc@gmail.com


**১০৬ নম্বরে ফ্রি কল করুন**

**মানুষ ঘুষ দেয়া বন্ধ করলে ফাইল আটকে রাখারও অবসান ঘটবে**

দুদক অভিযোগ কেন্দ্র
হটলাইন-১০৬

# অভিযোগ কেন্দ্র (১০৬) ভিত্তিক অভিযান

**অভিযানের সংখ্যা**

৩৮টি

**অভিযানভুক্ত কতিপয় দপ্তর/প্রতিষ্ঠান**

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা; প্রাণী সম্পদ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা; ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা ইত্যাদি ।

দুদক অভিযোগ কেন্দ্র
হটলাইন-১০৬

# এনফোর্সমেন্ট অভিযান

**দুদক কর্তৃক উল্লেযোগ্য অভিযান**

দুদক অভিযোগ কেন্দ্র হট লাইন-১০৬ এ অভিযোগের ভিত্তিতে সিলেটের জালালাবাদ উপজেলার কালীবাড়ি এলাকার অলদারপাড়ায় অবৈধভাবে টিলা ও পাহাড় কেটে প্রভাবশালীরা মাটি বিক্রি করছে এমন অভিযোগের ভিত্তিতে দুদক মহাপরিচালক (প্রশাসন) মোহাম্মদ মুনীর চৌধুরী তাৎক্ষণিকভাবে সিলেট পরিবেশ অধিদপ্তরের উপপরিচালক মোহাম্মদ আলতাফ হোসেনকে অভিযান পরিচালনার নির্দেশ দেন। তাৎক্ষণিকভাবে উপপরিচালকের নেতৃত্বে একটি টিম ওই এলাকায় অভিযান চালায়। অভিযানকারী টিম ঘটনাস্থলে পৌঁছার সঙ্গে সঙ্গে পাহাড় কাটার সঙ্গে জড়িতরা পালিয়ে যায় এবং পাহাড় কাটায় জড়িত ০১জনকে গ্রেফতার করা হয়। পাহাড় কেটে মাটি বিক্রির অবৈধ বাণিজ্যের সঙ্গে জড়িত মূল অপরাধীকে শনাক্ত করে পরিবেশ আইনে মামলা দায়ের করা হয়েছে। এছাড়াও পাহাড় কর্তনকারীদের ব্যবহৃত কক্ষটিকে সিলগালা করা হয় ।




# গণশুনানি

| ক্রমিক নং | বিবরণ | সংখ্যা |
|---|---|---|
| ১. | মোট গণশুনানি | ১০২ |
| ২. | মোট অভিযোগ | ২৪২৫ |
| ৩. | সমাধান | ১৬৭৩ |
| ৪. | শতকরা সমাধান | ৬৯% |

**দুদক কর্তৃক গণশুনানির উল্লেযোগ্য কিছু অভিযোগ**

মোঃ গোলাম ফারুখ, ওয়ার্ডবয়, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ডোমার, নীলফামারী ।

ওয়ার্ডবয় পদে চাকুরি দেয়ার নামে সরকারি ক্ষমতার অপব্যবহারপূর্বক ০৩ জনের নিকট হতে ০৯ (নয়) লক্ষ টাকা নিয়ে হয়রানীপূর্বক আত্মসাৎ।


মোঃ গোলাম ফারুখ, ওয়ার্ডবয়কে সাময়িক ভাবে বরখাস্ত করা হয়েছে। দুদক কর্তৃক অনুসন্ধান প্রক্রিয়া চলমান।

সাব-রেজিষ্ট্রার,ডোমার, নীলফামারী ।

অন্যায়ভাবে টাকার বিনিময়ে অন্যের নামে জমি রেজিষ্ট্রি করার অভিযোগ। দুদক কর্তৃক অনুসন্ধান চলমান।

১,৫০,০০০/- টাকা উৎকোচ গ্রহণ করা সত্ত্বেও জন্মসনদ সংশোধন না করার অভিযোগ ।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার তদন্তপূর্বক অভিযুক্তের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা বোর্ড বরাবর প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। কার্যক্রম চলমান।




দুর্নীতির কোনো ঘটনার প্রতিকার ও প্রতিরোধের জন্য যেকোনো ফোন থে



## গুরুত্বপূর্ণ মামলা দায়ের

**কমিশন অক্টোবর-ডিসেম্বর মাসে ক্ষমতার অপব্যবহার, অর্থ আত্মসাৎ, জ্ঞাত আয় বহির্ভূত সম্পদ অর্জনসহ বিভিন্ন দুর্নীতির অভিযোগে ৫৭টি মামলা দায়ের করেছেন। উল্লেখযোগ্য কতিপয় মামলার বিবরণ:**

আসামির পরিচিতি

মোঃ আমিনুল ইসলাম, প্রোপাইটর অর্পিতা ফ্যাশন, সদর রোড, পটুয়াখালী ও অন্যান্য ২জন।

জনতা ব্যাংক লিঃ, নতুন বাজার শাখা, পটুয়াখালী থেকে জাল-জালিয়াতির মাধ্যমে ১০,৮৫,৭৪৫/- টাকা ঋণ উত্তোলনপূর্বক আত্মসাৎ ।

মোঃ নবির উদ্দিন খান, সাবেক উপ-প্রধান প্রকৌশলী(যান্ত্রিক) ও গুদাম ইনচার্জ, বিসিআইসি, সান্তাহার বাফার গুদাম, সান্তাহার, বগুড়া ও অন্য ০১ জন।

বিসিআইসি'র সান্তাহার বাফার গুদাম, বগুড়া থেকে ১৫২,৫৭,৭১,৩৬৮/৮৬ টাকা মূল্যের ইউরিয়া সার আত্মসাৎ।

সাহবুদ্দীন আলম, ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স লায়লা বনস্পতি প্রডাক্টস লিমিটেড ও অন্য ০৫ জন।

মেসার্স লায়লা বনস্পতি প্রডাক্টস লিমিটেড এর মালিকগণ, দি ফারমার্স ব্যাংক লি:, গুলশান কর্পোরেট শাখা ও প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের পরস্পর যোগসাজশে ক্ষমতার অপব্যবহার করে অসৎ উদ্দেশ্যে অপরাধজনক বিশ্বাসভংগ করে ঋণের নামে ব্যাংকিং নিয়ম নীতির তোয়াক্কা না করে ২৯,৫১,৮৫,৮২০ টাকা উত্তোলনপূর্বক আত্মসাৎ। পরবর্তীতে বর্ণিত অর্থ গোপন করার লক্ষ্যে স্থানান্তর ও হস্তান্তরপূর্বক লেয়ারিং করেন।



## বিচার ও দণ্ড

**অক্টোবর-ডিসেম্বর মাসে ৬০টি মামলায় বিচারিক আদালতের রায়ের মধ্যে ৩৯টিতে সাজা হয়েছে। সাজা হওয়া উল্লেখযোগ্য কতিপয় মামলা।**

আসামির পরিচিতি

সমর কুমার বিশ্বাস, ট্রেজার, রাজবাড়ী প্রধান ডাকঘর, রাজবাড়ীসহ ০৩ জন।

পলাতক আসামিদের প্রত্যেককে ০৮ বছর করে সশ্রম কারাদণ্ডসহ ১১,৩০,০০০/- টাকা করে জরিমানা অনাদায়ে আরো ০১ বছর বিনাশ্রম কারাদণ্ড প্রদান।

মোঃ শাহাজাহান আলী মোল্লা, মালিক, মেসার্স শাহাজাহান ট্রেডার্স, নওয়াপাড়া, যশোরসহ ০৪ জন।

আসামি মোঃ শাহাজাহান আলী মোল্লাকে ০৫ বছর সশ্রম কারাদ-সহ ৩,১২,২০,৮০০/- টাকা জরিমানা, উক্ত জরিমানার টাকা রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্ত। অপর ০৩ জন আসামির বিরুদ্ধে অভিযোগ প্রমানিত না হওয়ায় খালাস প্রদান।

মোঃ আরিফ হোসেন, প্রোপাইটার, মেসার্স বাবা ইন্টারন্যাশনাল, নিউ ইস্পাহানী গেইট, পাহাড়তলী, চট্টগ্রামসহ ০৩ জন।

পলাতক আসামি প্রত্যেককে ০৭ বছর করে সশ্রম কারাদণ্ডসহ ২০,৩৩,০৫৫/- টাকা জরিমানা অনাদায়ে আরো ০৬ মাসের বিনাশ্রম কারাদণ্ড ও আত্নসাৎকৃত ৬০,৯৯,১৬৩/- টকা রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্ত।

# সভা-অভিযান-কর্মসূচী




টিআইবি নির্বাহী পরিচালকের সাথে মতবিনিময় করছেন
দুদক চেয়ারম্যান ইকবাল মাহমুদ



৯ ডিসেম্বর, ২০১৮ আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস পালিত



দুদক অভিযোগকেন্দ্র-১০৬ এ অভিযোগের ভিত্তিতে
কুমিল্লা সিভিল সার্জন অফিসে তাৎক্ষণিক অভিযান



রূপগঞ্জ ভূমি অধিগ্রহণে অনিয়মে তাৎক্ষণিক অভিযান



ছাত্র-ছাত্রীদের মাঝে শিক্ষা উপকরণ বিতরণ করছেন
দুদক কমিশনার ড. মোঃ মোজাম্মেল হক খান



দুদক অভিযোগকেন্দ্র-১০৬ এ অভিযোগের ভিত্তিতে BRTA ইকুরিয়া কার্যালয়ে
তাৎক্ষণিক অভিযান


যোগাযোগ : নির্বাহী সম্পাদক
দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয় ১ সেগুন বাগিচা, ঢাকা, ফোন: ৯৩৫৩০০৪-৮
ওয়েব সাইট : www.acc.org.bd